**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/15/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# পোর্ট অথোরিটির JFK রূপান্তর প্রকল্পে গভর্নর হোকলের একটি বৃহৎ কাজের উদ্বোধন ঘোষণা

***গভর্নর হোকল এবং পোর্ট অথোরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর রিক কটন, ডেল্টার CEO এড বাস্তিয়ান এবং JFKIAT-এর CEO রোয়েল হুইনিঙ্ক এর সাথে যোগ দিয়ে JFK-এর টার্মিনাল 4 সম্প্রসারণের 1.5 বিলিয়ন ডলারের নির্মাণকাজ উদ্বোধন করেছেন***

***টার্মিনাল সম্প্রসারণের কাজ শুরু হয়েছে যা ডেল্টার কার্যক্রমকে একীভূত করবে, T4 এ 10টি নতুন গেট যোগ করবে এবং চেক-ইন ও অ্যারাইভাল এলাকাগুলো সম্প্রসারণ করবে***

***পোর্ট অথোরিটির JFK রূপান্তরের সামগ্রিক কাজের গুরুত্বপূর্ণ অংশ - ডেল্টা হলো কাজ শুরু হওয়া দ্বিতীয় প্রকল্প***

***বিদ্যমান টার্মিনাল সম্প্রসারণ ও আধুনিকায়ন করে নতুন রিটেইল ও কনসেশনের অপশন, আধুনিক প্রযুক্তি, আপগ্রেডকৃত টিকেটিং ও গেট এরিয়া, এবং নতুন সেলফ-সার্ভিস ব্যাগ চেক করার ব্যবস্থা অন্তর্ভুক্ত করা হবে***

***সামনের বছরটি পোর্ট অথোরিটির JFK রূপান্তর প্রকল্পের জন্য এখন পর্যন্ত সবচেয়ে ব্যস্ততম বছর হবে***

***রেন্ডারিং এখানে পাওয়া যাবে***

1.5 বিলিয়ন ডলারের বেসরকারি অর্থায়নে টার্মিনাল 4 এর সম্প্রসারণ ও আধুনিকায়নের কাজ শুরুর মধ্য দিয়ে পোর্ট অথোরিটি কর্তৃক জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দর রূপান্তর করার প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ মাইলফলক গভর্নর ক্যাথি হোকল আজ উদযাপন করেছেন। এবছরের শুরুতে, নিউ ইয়র্ক ও নিউ জার্সির পোর্ট অথোরিটি ডেল্টা এয়ার লাইন্স (Delta Air Lines) এবং টার্মিনাল 4 এর পরিচালক, JFK ইন্টারন্যাশনাল এয়ার টার্মিনাল (JFK International Air Terminal, JFKIAT)-এর সাথে ফ্যাসিলিটি সম্প্রসারণ করার এবং সেখানে ডেল্টার কার্যক্রম শক্তিশালী করার জন্য একটি পরিমার্জিত চুক্তি সম্পন্ন করে।

"আজকের এই নির্মাণকাজ শুরু হওয়াটা মহামারী চলাকালীন সময়ে আমরা যে কষ্টকর পরিস্থিতির মধ্য দিয়ে গিয়েছি তা থেকে নিউ ইয়র্কের ফিরে আসার গল্পের একটি বৃহৎ অংশ," **বলেছেন গভর্নর হোকল।** "এই রূপান্তরের অর্থনৈতিক প্রভাব আগামী কয়েক দশকব্যাপী অনুভূত হবে, এবং একইসাথে এটি দেশের বাইরে থেকে আসা পর্যটকদের এবং দেশে ফিরে আসা মানুষদের স্বাগত জানানোর ক্ষেত্রে আমাদের স্টেটের বৈশ্বিক নেতৃস্থানীয় অবস্থানকে মজবুত করবে। পোর্ট অথোরিটি ও ডেল্টার এসব অংশীদারিত্বের মাধ্যমে নিউ ইয়র্কে নিয়ে আসা সবকিছুর জন্য আমি প্রতীক্ষায় রয়েছি।"

এবছরের শুরুতে টার্মিনাল 4 এর জন্য একটি পুনর্গঠিত ও পরিমার্জিত চুক্তি সফলভাবে সম্পন্ন হয় এবং এপ্রিল মাসের বোর্ড মিটিংয়ে পোর্ট অথোরিটির বোর্ড অব কমিশনার্স কর্তৃক অনুমোদিত হয়। প্রাথমিক পর্যায়ের পরিকল্পনাটি পোর্ট অথোরিটি বোর্ড 2020 সালের ফেব্রুয়ারি মাসে মহামারীর আগে অনুমোদন দিয়েছিল, পরবর্তীতে বিমান ভ্রমণের উপর কোভিড-19 মহামারীর গুরুতর প্রভাবের কারণে পরিকল্পনাটি পরিমার্জন করা হয়। এবছরের শুরুতে, বোর্ড JFKIAT ও ডেল্টার সঙ্গে টার্মিনাল 4 অ্যারাইভাল ও ডিপারচার হলের সম্প্রসারণ ও সংস্কারকাজের জন্য একটি পরিমার্জিত লিজ সংশোধনী চুক্তি সম্পন্ন করতে সম্মত হয়, যেখানে একটি বৃহৎ কনকোর্স সম্প্রসারণ করে 10টি নতুন গেট যোগ করা হবে, বিদ্যমান কনকোর্সগুলো সংস্কার করা হবে, এবং যানবাহনের অ্যাক্সেস উন্নত করতে রাস্তাগুলো আপগ্রেড করা হবে। টার্মিনাল 4 এর এই সম্প্রসারণের কাজ 2023 সালে ডেল্টার কার্যক্রম শক্তিশালী করার মধ্য দিয়ে সম্পন্ন হবে বলে প্রত্যাশা করা হচ্ছে। টার্মিনাল 4-এর এই সম্প্রসারণ ও আপগ্রেডের ফলে মোট 1,500 এরও বেশি কর্মসংস্থান তৈরি হবে বলে আশা করা হচ্ছে, যার মধ্যে 1,000 এরও বেশি হচ্ছে ইউনিয়নের নির্মাণ কাজ।

**পোর্ট অথোরিটির চেয়ারম্যান কেভিন ও'টুলি বলেন,** "আজ আমরা জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে টার্মিনাল 4-এর সম্প্রসারণ ও সংস্কারকাজ শুরু হওয়া উদযাপন করছি, যেটি সম্পন্ন হওয়ার পরে, ব্যাপক সংস্কারকাজ ও বাড়তি গেটগুলো কাজে লাগিয়ে গ্রাহকের অভিজ্ঞতা উল্লেখযোগ্যভাবে উন্নত করবে, এবং একইসাথে স্থানীয় বাসিন্দাদের জন্য কয়েক হাজার কর্মসংস্থানের ব্যবস্থা করবে। প্রতি বছর কয়েক মিলিয়ন লোক চলাচলকারী এই বিমানবন্দরকে, দেশে প্রবেশ করার সর্ববৃহৎ আন্তর্জাতিক গেটওয়ে হিসেবে নেতৃত্বের অবস্থান ধরে রাখা আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

**পোর্ট অথোরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর রিক কটন বলেন,** "JFK-এর রূপান্তর অব্যাহত থাকার এই সময়ে এই নির্মাণকাজ শুরু হওয়াটা পোর্ট অথোরিটি ও এর অংশীদারদের জন্য একটি রূপান্তরকারী মুহূর্ত। আমরা টার্মিনাল 4 সম্প্রসারণের কাজ সম্পন্ন হওয়ার প্রতীক্ষা করছি যেখানে ডেল্টা ও JFKIAT সেরা মানের গ্রাহক সেবা প্রদানের জন্য একসঙ্গে কাজ করা অব্যাহত রাখতে পারবে। JFK-কে এই অঞ্চলের প্রাপ্য বিশ্ব-মানের বিমানবন্দরে রূপান্তর করার জন্য আমাদের পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে এই প্রকল্পের কাজ সামনে এগিয়ে যাচ্ছে দেখে আমরা আনন্দিত।"

**পোর্ট অথোরিটির ভাইস চেয়ারম্যান জেফরি লিনফোর্ড বলেন,** "70 বছরেরও বেশি সময় ধরে, জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দর দেশীয় ও আন্তর্জাতিক ভ্রমণের গেটওয়ে,

এবং আমাদের আঞ্চলিক অর্থনীতির একটি প্রধান চালিকাশক্তি হিসেবে ভূমিকা পালন করে আসছে। টার্মিনাল 4 এর এই নির্মাণকাজ শুরু হওয়াটা JFK-এর রূপান্তরের মধ্য দিয়ে যাত্রীদের অভিজ্ঞতা উন্নত করা এবং একটি বিশ্ব-মানের বিমানবন্দর নির্মাণের জন্য আমাদের পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ। এই প্রকল্প যে কয়েক হাজার ভালো বেতনের ইউনিয়ন নির্মাণ কাজের জন্য কর্মসংস্থান তৈরি করবে এবং একইসাথে স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য কয়েক বিলিয়ন ডলারের কন্ট্রাক্টের অংশ হওয়ার সুযোগ প্রদান করবে, তা এটিকে আরো বেশি উদ্দীপনাপূর্ণ করে তুলেছে। মহামারী থেকে সেরে উঠার এই সময়ে, JFK-এর পুনর্নির্মাণের মতো মেগা-অবকাঠামো প্রকল্পগুলো অর্থনীতিকে পুনরায় সচল করে তোলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, এবং এই অঞ্চলব্যাপী আমাদের ফ্যাসিলিটিগুলোতে বিনিয়োগ করা অব্যাহত রাখার মাধ্যমে পোর্ট অথোরিটি এই পুনরুদ্ধারের ক্ষেত্রে অবদান রাখতে পারবে বলে প্রত্যাশা রাখে।"

**ডেল্টার CEO এড বাস্তিয়ান বলেন,** "আমরা এমন একটি বিশ্ব-মানের বিমানবন্দর প্রদান করতে চাই যা আগামী বছরগুলোতে প্রত্যাশাকে ছাড়িয়ে যেতে সক্ষম হবে। আমাদের উল্লেখযোগ্য, চলমান বিনিয়োগগুলো আমাদের গ্রাহক ও কর্মচারীদেরকে JFK-তে তাদের প্রাপ্য প্রিমিয়াম ভ্রমণের অভিজ্ঞতা প্রদান করে যাচ্ছে। এই ভিশনকে বাস্তব রূপ দিতে সাহায্য করায় পোর্ট অথোরিটি ও JFKIAT-এ আমাদের অংশীদারদের ধন্যবাদ।"

**JFKIAT-এর প্রেসিডেন্ট ও CEO রোয়েল হুইনিঙ্ক বলেন,** "আজকের এই নির্মাণকাজ শুরু হওয়াটা টার্মিনাল 4-এর বিশ্বের অন্যতম সর্বাধুনিক ও কর্মদক্ষ এয়ার টার্মিনাল হয়ে উঠার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। কুইন্স-ভিত্তিক একটি ব্যবসা প্রতিষ্ঠান হিসেবে JFKIAT এই সম্প্রসারণ কাজকে মহামারী থেকে ফিরে আসার এই সময়ে আমাদের স্থানীয় অর্থনীতিকে পুনরুজ্জীবিত করার একটি সুযোগ হিসেবে দেখছে, এবং এই বিশ্ব-মানের উদ্যোগ যাতে আমাদের কমিউনিটির উপকারে আসে তা নিশ্চিত করতে আমরা আমাদের অংশীদারদের সাথে কাজ করতে দৃঢ় প্রতিজ্ঞ। বিমান ভ্রমণের প্রতি জনসাধারণের আস্থা ফিরিয়ে আনতে সেরা মানের গ্রাহক অভিজ্ঞতা প্রদান করার আমাদের মিশনে আমরা নিউ ইয়র্ক ও নিউ জার্সির পোর্ট অথোরিটি ও ডেল্টার সাথে অংশীদার হয়ে কাজ করার প্রত্যাশা রাখি।"

**রিপ্রেজেন্টেটিভ গ্রেগরি ডব্লিউ. মিকস বলেন,** "JFK-এর টার্মিনাল 4-এর নির্মাণকাজ শুরু হওয়ায় আমি পোর্ট অথোরিটি, ডেল্টা এয়ারলাইন্স, ও JFK ইন্টারন্যাশনাল এয়ার টার্মিনালকে অভিনন্দন জানাই। JFK বিমানবন্দরের রূপান্তরের ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ ধাপ। বিমানবন্দরের পুনঃউন্নয়নের কাজের পুরো সময়জুড়ে, পোর্ট অথোরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর, রিক কটন স্থানীয় কমিউনিটির সাথে যোগাযোগ রক্ষা করেছেন এবং অন্যদিকে MWBE-সমূহ এবং স্থানীয় শিল্পপ্রতিষ্ঠানগুলোকে উপকৃত করবে এমন কর্মসংস্থান ও সুযোগ তৈরি করেছেন। JFK পুনঃউন্নয়ন কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিলের সহ-সভাপতি হিসেবে আমি পোর্ট অথোরিটির অঙ্গীকারাবদ্ধতা সরাসরি দেখেছি এবং এটির অব্যাহত অগ্রগতি ঘটবে বলে আমি প্রত্যাশা রাখি।"

**কুইন্স বরোর প্রেসিডেন্ট ডনোভান রিচার্ডস জুনিয়র. বলেন,** "টার্মিনাল 4 এর সংস্কারকাজ শুধু নতুন ডিপারচার ও অ্যারাইভাল হল অথবা কনকোর্স সম্প্রসারণের মধ্যেই সীমাবদ্ধ নয়।

হাজার হাজার ভালো বেতনের কর্মসংস্থান তৈরি, স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য কন্ট্রাক্ট পাওয়ার সুযোগ তৈরি, MWBE-এর অংশগ্রহণের জন্য জোরদার অঙ্গীকার এবং আরো অনেক কিছুর মধ্য দিয়ে এই প্রকল্প কুইন্সের অর্থনৈতিক সুস্থতায় একটি বিশাল বিনিয়োগের প্রতিনিধিত্ব করে। 9.5 বিলিয়ন ডলারের টার্মিনাল ওয়ান প্রকল্প এবং 3.9 বিলিয়ন ডলারের নতুন টার্মিনাল 6 এর সাথে মিলিত হয়ে, JFK বিমানবন্দরের এই মৌলিক পরিবর্তন আগামী বহু প্রজন্ম ধরে কুইন্সের পরিবারগুলোর অর্থনৈতিক অবস্থা সমৃদ্ধ করবে, সেইসাথে বিশ্বের লক্ষ লক্ষ মানুষকে প্রথম দেখাতেই কুইন্স, নিউ ইয়র্ক সিটি এবং সামগ্রিকভাবে নিউ ইয়র্ক স্টেট সম্পর্কে একটি অসাধারণ ধারণা প্রদান করবে।"

**সিনেটর জোসেফ পি. অ্যাডাবো জুনিয়র বলেন,** "যখনই আমরা এধরনের কোনো বৃহৎ প্রকল্প শুরু করতে পারি, তখন সবাই জিতে যায়। আমার পুরো জীবন বিমানবন্দরের কাছাকাছি বসবাস করার সুবাদে আমি জানি যে JFK-এর টার্মিনাল 4-এর এই বিশাল সম্প্রসারণ ও আধুনিকায়ন শুধু বিমানবন্দর এবং প্রতি বছর এখানে আসা কয়েক লক্ষ ভ্রমণকারীকেই উপকৃত করবে না, বরং এটি সর্বমোট 2,000 এরও বেশি কর্মসংস্থান তৈরি করবে বলে প্রত্যাশা করা হচ্ছে, যার মধ্যে 1,000 এরও বেশি হচ্ছে ইউনিয়নের নির্মাণ কাজ, যা স্থানীয় কমিউনিটির উপকারে আসবে। আমি এই প্রকল্প সফল হওয়ার প্রতীক্ষায় রয়েছি!"

**সিনেটর লিরয় কোমরি বলেন,** "JFK পুনঃউন্নয়ন প্রকল্প নতুন নতুন মাইলফলক স্পর্শ করা অব্যাহত থাকায়, চূড়ান্ত পর্যায়ে গিয়ে নিউ ইয়র্কবাসীরা এবং বিশ্বব্যাপী ভ্রমণকারীরা এই বিমানবন্দর সম্প্রসারণ ও আধুনিকায়ন থেকে উপকৃত হবেন যেটি একটি বিশ্ব-মানের পরিবহন হাব তৈরি করতে যাচ্ছে। বিলিয়ন ডলারের বেশি বেসরকারি বিনিয়োগ, এবং তার সাথে পোর্ট অথোরিটি ও JFK পুনঃউন্নয়ন কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিলের সহযোগিতামূলক অংশীদারিত্ব আমাদের সিটি, স্টেট এবং গ্রেট কুইন্স বরোর প্রাপ্য ফলাফল নিয়ে আসবে। গত কয়েক বছরে আমরা যে কাজ করেছি আমি শুধু তা অব্যাহত রাখারই প্রত্যাশা করি না, বরং নিশ্চিতভাবেই JFK-এর একটি সত্যিকার রূপান্তরের মধ্য দিয়ে আমাদের স্টেটে নিরাপদ, স্বাচ্ছন্দ্যপূর্ণ বিমান ভ্রমণ, বাণিজ্য ও ব্যবসায়িক ক্রিয়াকলাপ ফিরিয়ে আনতে সাহায্য করা অব্যাহত রাখারও প্রত্যাশা করি। আমি গভর্নর হোকল, পোর্ট অথোরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর রিক কটন, ডেল্টার CEO এড বাস্তিয়ান এবং JFKIAT-এর CEO রোয়েল হুইনিঙ্ক এবং আমাদের কমিউনিটি অংশীদারদের সবাইকে এই সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ভিশনকে বাস্তব রূপ দেয়ার ক্ষেত্রে তাদের নেতৃত্বের জন্য সাধুবাদ জানাই।"

**অ্যাসেম্বলি সদস্য অ্যালিশিয়া হিন্ডম্যান বলেন,** "আজ JFK টার্মিনাল 4 এর অগ্রগতিতে একটি স্মরণীয় দিন। মাত্র কয়েক মাসের মধ্যেই 1.5 বিলিয়ন ডলারের সম্প্রসারণ কাজ শুরু হয়ে যাওয়া, এই সম্প্রসারণ শুধু চেক ইন ও অ্যারাইভাল এরিয়াগুলোকে সম্প্রসারণই করবে না, বরং নতুন সর্বাধুনিক প্রযুক্তি, সেলফ-সার্ভিস কিওস্ক এবং নিজে নিজে ব্যাগ চেক করার নতুন জায়গা ইত্যাদিকে কাজে লাগিয়ে দ্রুততর ও উন্নত চেক ইন ব্যবস্থা গড়ে তুলবে। এই সম্প্রসারণের মাধ্যমে 2,000 নতুন কর্মসংস্থান তৈরি হচ্ছে ও ইউনিয়ন নির্মাণ কাজের 1000 কর্মসংস্থান তৈরি হচ্ছে যা আমার অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট 29 এবং সাউথ ইস্ট কুইন্স কমিউনিটির সমৃদ্ধিও নিশ্চিত করবে। চলুন কাজে ঝাপিয়ে পড়ি!"

**অ্যাসেম্বলি সদস্য স্ট্যাসি ফেফার আমাটো বলেন,** "সাউথ কুইন্স ও JFK বিমানবন্দরে বিনিয়োগ করার মাধ্যমে আরো একবার গভর্নর ক্যাথি হোকল এবং পোর্ট অথোরিটি তারা কতটা অঙ্গীকারাবদ্ধ তা দেখিয়ে দিয়েছে, যা বিমানবন্দরটিকে এই বৃহৎ বরোর অধিবাসীদের উপযুক্ত একটি বিশ্ব-মানের বিমানবন্দরে রূপান্তর করবে। কোভিড-19 মহামারী থেকে অর্থনৈতিক পুনরুদ্ধারের পথে এগিয়ে যাওয়ার এই সময়ে, এই বিমানবন্দর কুইন্সের বাসিন্দাদের জন্য অতি প্রয়োজনীয় কর্মসংস্থান ও সুযোগ-সুবিধার ব্যবস্থা করবে। আমি গভর্নরকে, পোর্ট অথোরিটিকে এবং ডেল্টা এয়ারলাইন্সকে এই অঙ্গীকারাবদ্ধতার জন্য ধন্যবাদ জানাই, এবং আমি এই প্রকল্প চালু হওয়ার জন্য অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি!"

**অ্যাসেম্বলি সদস্য খলিল অ্যান্ডারসন বলেন,** "JFK বিমানবন্দরের টার্মিনাল 4 সম্প্রসারণ ও আধুনিকায়নের জন্য 1.5 বিলিয়ন ডলারের বেসরকারি বিনিয়োগ সম্পর্কে আজকের ঘোষণার মধ্য দিয়ে আমরা সাউথইস্ট কুইন্সে বিশ্বমানের উন্নয়নের জন্য সাহসী অঙ্গীকারের ধারাবাহিকতা দেখতে পাচ্ছি। স্টেটের রিপ্রেজেন্টেটিভ হিসেবে আমার অগ্রাধিকার হলো এধরনের সম্ভাবনায় অর্থনৈতিক সুযোগের সাথে ইউনিয়নের চাকরি, ক্যারিয়ার, এবং MWBE কন্ট্রাক্টগুলোর অ্যাক্সেসের সেতুবন্ধন করা, যা কর্মহীনতার হার কমিয়ে আনবে এবং কোভিড-19 মহামারীর ফলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া কমিউনিটিগুলোর সমতাপূর্ণ পুনরুদ্ধার নিশ্চিত করতে সাহায্য করবে। আমি গভর্নর ক্যাথি হোকল, নির্বাচিত সরকারে আমার সহকর্মীবৃন্দ, পোর্ট অথোরিটি, বেসরকারি ডেভেলপার, এবং JFK পুনঃউন্নয়ন কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিলের সাথে একসঙ্গে কাজ করার প্রত্যাশা রাখি।"

**কাউন্সিল সদস্য অ্যাড্রিন অ্যাডামস বলেন,** "JFK বিমানবন্দরের নতুন টার্মিনাল ওয়ান নিউ ইয়র্কবাসী ও দর্শনার্থীদের উভয়ের জন্য সমানভাবে ভ্রমণের অভিজ্ঞতা সমৃদ্ধ করবে, আমাদের স্থানীয় অর্থনীতিকে উদ্দীপিত করবে, এবং ক্ষুদ্র ব্যবসা, অধিবাসী, ও শিক্ষার্থীদের জন্য গুরুত্বপূর্ণ সুযোগ প্রদান করবে। কোভিড-19 মহামারী থেকে নিউ ইয়র্ক সিটির সেরে উঠার এই সময়ে আমি এই রূপান্তরমূলক প্রকল্পের প্রভাব ও সুফল দেখতে পাওয়ার প্রত্যাশা রাখি।"

**কাউন্সিল সদস্য হিসেবে নির্বাচিত হওয়া নাতাশা উইলিয়ামস বলেন,** "একজন আগমনী কাউন্সিল সদস্য, সাউথইস্ট কুইন্স কমিউনিটির একজন অধিবাসী, এবং JFK পুনঃউন্নয়নের জন্য কমিউনিটি উন্নয়ন প্রচেষ্টার প্রণেতাদের একজন হিসেবে T4 প্রকল্প শুরু হতে যাচ্ছে দেখে আমি উচ্ছসিত। কোভিড-19 যখন আঘাত হেনেছিল আমরা তখন থমকে গিয়েছিলাম কিন্তু কর্মসূচির প্রচেষ্টা যাতে সাউথইস্ট কুইন্স কমিউনিটির সাথে সতর্কতাপূর্ণ সমন্বয় রক্ষা করে তা নিশ্চিত করতে আমরা কখনো প্রচেষ্টা বন্ধ করিনি। কমিউনিটির সেবা করার নতুন দায়িত্ব পালন করতে গিয়ে আমি এই কর্মসূচির লক্ষ্যগুলো আরো এগিয়ে নেয়ার প্রত্যাশা রাখি।"

**বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিল অব গ্রেটার নিউ ইয়র্ক (Building and Construction Trades Council of Greater New York)-এর প্রেসিডেন্ট গ্যারি লা-বারবেরা বলেন,** "JFK বিমানবন্দরের টার্মিনাল 4-এর এই পুনঃউন্নয়ন পরিকল্পনা নিউ ইয়র্কের এমন ভবিষ্যত যা আমাদের সিটির পরিবহন অবকাঠামোর রূপান্তর ঘটাবে এবং সুযোগ-সুবিধাবিশিষ্ট কয়েক হাজার মধ্যম শ্রেণির ক্যারিয়ার তৈরি করবে, সেটি নির্মাণের দিকে এগিয়ে যাওয়ার পথে একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান। নিউ ইয়র্ক এমন বিশ্ব-মানের বিমানবন্দর

পাওয়ার অধিকার রাখে যা বিশ্বব্যাপী শুধু স্বীকৃতিই লাভ করবে না বরং সেইসাথে প্রশংসিতও হবে। এই মাইলফলক অবকাঠামো প্রকল্প সামনে এগিয়ে নেয়ায় গভর্নর হোকলের কার্যকর নেতৃত্বের জন্য আমরা তাকে ধন্যবাদ জানাই।"

**পার্টনারশিপ ফর নিউ ইয়র্ক সিটি (Partnership for New York City)-এর প্রেসিডেন্ট ও CEO ক্যাথরিন উইল্ড বলেন,** "এই নতুন ডেল্টা টার্মিনাল আমাদের বিমানবন্দরগুলোর আধুনিকায়নের জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার ফলাফল, যা নিউ ইয়র্ককে পর্যটকদের জন্য প্রিমিয়ার গন্তব্যস্থলে পরিণত করতে বেসরকারি খাতের বিনিয়োগকে কাজে লাগাচ্ছে। পর্যটকরা ফিরতে শুরু করার এই সময়ে সর্বাধুনিক নতুন সুযোগ-সুবিধা এবং সম্প্রসারিত ধারণক্ষমতা অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং কুইন্সে কয়েক হাজার কর্মসংস্থান নিয়ে আসার মাধ্যমে স্থানীয় কমিউনিটিকে দারুণভাবে উপকৃত করবে।"

**কুইন্স চেম্বার অব কমার্স (Queens Chamber of Commerce)-এর প্রেসিডেন্ট ও CEO থমাস জে. গ্রেচ বলেন,** "কুইন্স-এর সবচেয়ে পুরোনো ও সর্ববৃহৎ ব্যবসায়িক অ্যাসোসিয়েশন হিসেবে, টার্মিনাল 4 এর সম্প্রসারণ ও আধুনিকায়নের জন্য এই ঐতিহাসিক 1.5 বিলিয়ন ডলার বিনিয়োগের উপলক্ষ উদযাপন করতে গভর্নর হোকল, এবং পোর্ট অথোরিটি, ডেল্টা এয়ার লাইন্স ও JFKIAT-এর আমাদের বন্ধুদের সাথে একসঙ্গে দাঁড়াতে পেরে আমরা গর্বিত। এই বিনিয়োগ আমাদের অঞ্চলের পরিবহন অবকাঠামোর একটি গুরুত্বপূর্ণ অংশকে জোরদার করবে, কর্মসংস্থান তৈরি করবে, এবং কুইন্সের ক্ষুদ্র ব্যবসাগুলোর জন্য, বিশেষ করে MWBE-সমূহের জন্য সুযোগ-সুবিধা প্রদান করবে। কুইন্সের ক্ষুদ্র ব্যবসাগুলো আমাদের এভিয়েশন অবকাঠামোর উপর নির্ভরশীল, এবং JFK-এর এই রূপান্তর আমাদের অঞ্চলের অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য অতি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।"

**রকএওয়ে ডেভেলপমেন্ট এন্ড রিভাইটালাইজেশন কর্পোরেশন (Rockaway Development & Revitalization Corporation)-এর প্রেসিডেন্ট ও CEO কেভিন ডব্লিউ. অ্যালেক্স্রাডার বলেন,** "আজকের এই পোর্ট অথোরিটির 1.5 বিলিয়ন ডলারের JFK টার্মিনাল 4 প্রকল্পের কাজ চালু হওয়াটা শুধু সাউথইস্টার্ন কুইন্স নয়, বরং সমগ্র নিউ ইয়র্কের জন্য আরেকটি মাইলফলক। JFK আন্তর্জাতিক বিমানবন্দরকে বিশ্ব মানের বিমানবন্দরে রূপান্তরের জন্য JFK পুনঃউন্নয়ন প্রকল্পের সকল পর্যায়ে আমাদের বৈচিত্র্য ও অন্তর্ভুক্তির স্পৃহার প্রতিফলন ঘটানো আমাদের জন্য বিশ্বকে দেখিয়ে দেয়ার সুযোগ যে প্রগতিশীল ভাবনাসম্পন্ন নেতৃবৃন্দ - গভর্নর ক্যাথি হোকল, PANY/NJ এক্সিকিউটিভ ডিরেক্টর রিক কটন, JFK অ্যাডভাইজরি কো-চেয়ার কংগ্রেসম্যান গ্রেগরি মিকস এবং কুইন্স বরোর প্রেসিডেন্ট ডনোভান রিচার্ডস, এবং টার্মিনাল 4 টিমের নেতৃবৃন্দ - এবং ডেল্টা ও JFKIAT একসাথে কাজ করলে কী অর্জন করা সম্ভব। JFK কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিল ওয়ার্কফোর্স এন্ড ক্যারিয়ার ডেভেলপমেন্ট কমিটি (JFK Community Advisory Council Workforce & Career Development Committee)-এর সহ-সভাপতি হিসেবে, আমি আমাদের কমিউনিটির সদস্যদেরকে শুধু অস্থায়ী কর্মসংস্থান নয় বরং জীবন পরিবর্তন করে দেয়া ক্যারিয়ার, শিল্পোদ্যোগ ও ব্যবসায়িক সুযোগ-সুবিধার জন্য সম্পৃক্ত করতে, প্রস্তুত করতে ও গড়ে তুলতে টার্মিনাল 4 প্রকল্পের দলের সাথে অব্যাহতভাবে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

**নিউ ইয়র্ক বিল্ডিং কংগ্রেস (New York Building Congress)-এর প্রেসিডেন্ট ও CEO ক্যারল এ. সিসুরা বলেন,** "এই সম্প্রসারণ কাজ শুরু হওয়ার মধ্যে দিয়ে JFK বিমানবন্দরের ঐতিহাসিক রূপান্তর অব্যাহত থাকছে। সম্প্রসারণ হওয়া টার্মিনাল 4 যাত্রীদের অভিজ্ঞতা উন্নত করবে, ভালো কর্মসংস্থান তৈরি করবে, MWBE-সমূহের জন্য সুযোগ-সুবিধা উন্মুক্ত করবে এবং নিউ ইয়র্ক সিটিকে এর প্রাপ্য বিশ্ব-মানের গেটওয়ে প্রদান করবে। নিউ ইয়র্ক বিল্ডিং কংগ্রেস গভর্নর হোকল, পোর্ট অথোরিটি, ডেল্টা এবং JFKIAT-এর প্রশংসা করছে।"

**গ্রেটার জ্যামাইকা ডেভেলপমেন্ট কর্পোরেশন (Greater Jamaica Development Corporation)-এর অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও CEO জাস্টিন রডগার্স বলেন,** "বিশ্ববাসী JFK-কে নিউ ইয়র্কে প্রবেশের আন্তর্জাতিক গেটওয়ে হিসেবে চেনে, কিন্তু এটি সাউথইস্ট কুইন্সের অর্থনৈতিক জীবনযাত্রার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশও বটে। স্টেটের তরফ থেকে অব্যাহতভাবে JFK-এর উন্নয়ন করে যাওয়া শুধু সিটিতে প্রবেশ করার এই লাল গালিচাকে আরো সুন্দর করে তুলবে তাই নয়, বরং জ্যামাইকার আশেপাশের অঞ্চলের অসংখ্য বাসিন্দার জন্য কর্মসংস্থানের সুযোগ ও ব্যবসায়িক সমৃদ্ধি তৈরি করবে।"

**গ্রাহকদের প্রয়োজনের বিষয়টি বিবেচনায় নিয়ে টার্মিনাল 4 সম্প্রসারণ**

বেসরকারি পুঁজি দিয়ে অর্থায়ন করা 1.5 বিলিয়ন ডলারের টার্মিনাল 4 প্রকল্প JFK পুনঃউন্নয়ন পরিকল্পনার অধীনে দ্বিতীয় বৃহৎ প্রকল্প। এই টার্মিনাল সম্প্রসারণ 10টি নতুন গেট তৈরি করবে, যা প্রধানত আঞ্চলিক ও দেশীয় ফ্লাইটগুলোর জন্য সেবা প্রদান করবে, সেইসাথে টার্মিনাল সম্প্রসারণ করে 150,000 বর্গফুট জায়গা যোগ করবে।

এই সম্প্রসারণ ডেল্টাকে এর সকল কার্যক্রম টার্মিনাল 4-এ নিয়ে আসার মাধ্যমে সংযুক্ত গ্রাহকদের জন্য একটি সাবলীল ভ্রমণ অভিজ্ঞতা প্রদান করার সুযোগ করে দিবে, যা ডেল্টা বর্তমানে টার্মিনাল 4 ও টার্মিনাল 2 উভয়টি ব্যবহার করে যেসব গ্রাহককে সেবা প্রদান করে থাকে তাদের সবাইকে আরো সুবিধাজনক উপায়ে স্থানান্তর করার সুযোগ প্রদান করবে। এই প্রকল্পে টার্মিনাল 4-এর কনকোর্স A-তে একটি নতুন ডেল্টা স্কাই ক্লাব এর পাশাপাশি সম্প্রসারিত বসার জায়গা ও কনসেশন, আধুনিক পথনির্দেশক, এবং ভ্রমণকারীদের কথা মাথায় রেখে নকশাকৃত নতুন বা আপগ্রেডকৃত রেস্টরুম অন্তর্ভুক্ত রয়েছে।

সেইসাথে, টার্মিনালটি নতুন চেক-ইন কাউন্টারগুলো, যেখানে সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করে সক্ষমতা ও কার্যকারিতা উন্নত করা হবে, নতুন সেলফ-সার্ভিস কিয়স্ক এবং নিজে নিজে ব্যাগ চেক করার জায়গা, রেস্টরুম সংস্কার, ব্যাগেজ ক্লেইম ও অ্যারাইভাল এলাকা, এবং নতুন রিটেইল ফিনিস ও পাবলিক আর্ট ব্যবহার করে গ্রাহকদের অভিজ্ঞতা উন্নত করার একটি সংস্কার কর্মসূচির মধ্য দিয়ে যাবে।

ডেল্টা অব্যাহতভাবে JFK-তে এবং বৃহৎ পরিসরে নিউ ইয়র্ক সিটিতে এর কার্যক্রম বৃদ্ধি করে যাচ্ছে, যেখানে এটি JFK ও LGA-তে 95টি দেশীয় ও আন্তর্জাতিক গন্তব্যস্থলে দৈনিক মোট 400টি ফ্লাইটের ব্যবস্থা করার মাধ্যমে অন্য যেকোনো ক্যারিয়ারের চেয়ে সর্বাধিক সংখ্যক ফ্লাইট ও সিট প্রদান করছে। এই এয়ারলাইন শুধু JFK থেকেই বিশ্বব্যাপী 68টি গন্তব্যস্থলে প্রতিদিন গড়ে

160টির বেশি ফ্লাইট পরিচালনা করে থাকে। 2010 সাল থেকে, ডেল্টা নিউ ইয়র্কে বিমানবন্দর সম্প্রসারণ ও পুনঃউন্নয়নের জন্য 3.5 বিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে, যার মধ্যে JFK ও লা গার্ডিয়া বিমানবন্দরে এর আগের প্রকল্পগুলোও অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও এই এয়ারলাইন LGA-তে টার্মিনাল সি ও ডি এর কার্যক্রম একীভূত করতে সর্বাধুনিক অ্যারাইভাল ও ডিপারচার হল তৈরির প্রকল্পে 3.9 বিলিয়ন ডলার বিনিয়োগ করছে যা পরবর্তী বসন্তে চালু হতে যাচ্ছে।

JFKIAT, রয়্যাল স্কিফোল গ্রুপ (Royal Schiphol Group)-এর যুক্তরাষ্ট্রের অ্যাফিলিয়েট, 1997 সাল থেকে জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরের টার্মিনাল 4 পরিচালনা করে আসছে। এই সম্প্রসারণ টার্মিনালটির প্রায় 30টি এয়ারলাইন অংশীদারের জন্য যাত্রীদের দ্রুত ও সাবলীলভাবে প্রক্রিয়াকরণের সক্ষমতা নিশ্চিত করার প্রযুক্তি, বাড়তি খাবারের অপশনসমূহ, এবং যাত্রীদের আরাম ও স্বাচ্ছন্দ্য নিশ্চিত করার জন্য অন্যান্য সুযোগ-সুবিধা ব্যবহারের মাধ্যমে টার্মিনালের প্রদান করা সুবিধাগুলো বৃদ্ধি করবে।

টার্মিনাল 4 - যা 2017 সালে LEED গোল্ড O+M সার্টিফিকেশন অর্জন করা প্রথম এয়ার টার্মিনাল হয়ে উঠেছিল - এর পুনরায় নকশা করাটা পোর্ট অথোরিটি ও JFKIAT-এর তরফ থেকে জ্বালানি দক্ষতা বিষয়ক একটি অঙ্গীকারকে অব্যাহত রাখবে, যেখানে পুরো টার্মিনালে জ্বালানি সাশ্রয়ী সরঞ্জাম ও লাইটিং ব্যবহার করা হবে।

পোর্ট অথোরিটির নেট শূন্য নির্গমনের লক্ষ্যমাত্রা ও এর ফ্যাসিলিটিগুলোতে সব যানবাহন হিসেবে বৈদ্যুতিক যানবাহন ব্যবহারের পথে উত্তরণের মানদণ্ডের সঙ্গে সঙ্গতি রক্ষা করার মাধ্যমে, এই প্রকল্পে নতুন গেটগুলোতে বৈদ্যুতিক গ্রাউন্ড সার্ভিস সরঞ্জামের জন্য চার্জিং স্টেশনের পাশাপাশি ব্যবহৃত ডিআইসিং ফ্লুইড ধরে রাখার জন্য একটি ডিআইসিং রিকভারি সিস্টেম স্থাপন করা হয়েছে।

JFK বিমানবন্দরের পুনঃউন্নয়নের প্রাথমিক পরিকল্পনা কোভিড-19 মহামারীর প্রভাবে বিলম্বিত হয়েছিল, যার অর্থ হলো প্রকল্পটির মূল চুক্তিপত্রটি পুনর্গঠন করার প্রয়োজন হয়েছে। এখন, টার্মিনাল 4-এর সম্প্রসারণ ও সংস্কার কাজের সম্পূর্ণ অংশের খরচ ডেল্টা এয়ারলাইন্স ও JFKIAT বহন করবে।

টার্মিনাল 4 সম্প্রসারণের কাজ শুরু হওয়াটা JFK-এর রূপান্তরের অন্য তিনটি প্রধান উপাদানের সাথে যোগ হচ্ছে। সার্বিকভাবে, JFK বিমানবন্দরকে রূপান্তর করার চারটি প্রকল্পের সবগুলো মিলে আনুমানিক 15 বিলিয়ন ডলারের বেসরকারি বিনিয়োগ কাজে লাগানো হচ্ছে।

আগামী বছর JFK পুনঃউন্নয়ন কর্মসূচির অংশ হিসেবে উল্লেখযোগ্য ক্রিয়াকলাপ ও মাইলফলক দেখতে পাওয়া যাবে। নতুন টার্মিনাল 6 ও টার্মিনাল এক উভয়টির নির্মাণকাজ 2022 সালে শুরু হবে এবং পুনঃউন্নয়নকৃত টার্মিনাল 8-এর নির্মাণকাজ 2023 সালে সম্পন্ন হবে।

## স্থানীয় কমিউনিটির সাথে অত্যন্ত নিকটভাবে জড়িয়ে JFK বিমানবন্দরের পুনঃউন্নয়ন করা

2018 সালে, JFK পুনঃউন্নয়ন কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিল গঠিত হয়। এটি U.S রিপ্রেজেন্টেটিভ জর্জ মিক্স এবং কুইন্স বরো প্রেসিডেন্ট ডেভোনান রিচার্ড-এর কো-চেয়ার করা এবং নির্বাচিত আধিকারিক, কমিউনিটি বোর্ড, ব্যবসা-বাণিজ্য এবং ননপ্রফিট অর্গানাইজেশন, নাগরিক অর্গানাইজেশন, দক্ষিণ-পূর্ব কুইন্সের স্থানীয় কমিউনিটির ক্লার্জি লিডার, দক্ষিণ-পশ্চিম কুইন্স, রকআওয়ে এবং নাসাউ কাউন্টির পশ্চিমের অঞ্চলগুলি সমেত গঠিত। এটির শুরুর সময় থেকেই, কমিউনিটির দিকে সহায়তার উদ্যোগের দিকে হাত বাড়িয়ে দেওয়ার জন্য এবং কমিউনিটি-নিবদ্ধ প্রোগ্রামকে বিকাশের জন্য কাউন্সিল পোর্ট অথরিটির সাথে কাজ করছে, এটি এই উচ্চাকাঙ্খী প্রকল্প স্থানীয় স্টেকহোল্ডারদের থেকে মতামত সংগ্রহ করতে নিশ্চিত করে এবং স্থানীয় ব্যবসা-বাণিজ্য, MWBE, শিক্ষার্থী এবং যারা কর্মসংস্থানের চেষ্টা করছে তাদেরকে আক্ষরিক অর্থে সহায়তা প্রদান করে।

এর মধ্যে সব ধরনের কাজের ক্ষেত্রে পোর্ট অথোরিটির 30 শতাংশ কন্ট্রাক্ট MWBE-সমূহকে প্রদানের লক্ষ্য পূরণের অঙ্গীকারকে এগিয়ে নেয়ার কর্মসূচি, এবং এই টার্মিনাল প্রকল্প, যা একটি সম্পূর্ণ প্রকল্প-শ্রমিক চুক্তির অধীনে ইউনিয়নের শ্রমিকদের দ্বারা নির্মিত হবে, সেটি সহ, JFK পুনঃউন্নয়ন কর্মসূচির সকল পর্যায়ে স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য সুযোগ তৈরি করার দিকে বিশেষভাবে নজর দেয়া অন্তর্ভুক্ত রয়েছে। কমিউনিটির বিকাশের অন্যান্য উদ্যোগকে কাউন্সিল কর্মসংস্থান, স্থানীয়দের জন্য ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট প্রোগ্রাম, ছোট ব্যবসা-বাণিজ্যের দিকে উন্নতি এবং সহায়তার হাত বাড়িয়ে এবং স্থানীয় শিক্ষার্থীদের জন্য শিক্ষাগত প্রোগ্রামের মাধ্যমে গুরুত্ত্ব দিয়ে থাকে।

2019 সালের শুরুতে জ্যামাইকা, কুইন্সে JFK পুনঃউন্নয়ন কমিউনিটি তথ্য কেন্দ্র (JFK Redevelopment Community Information Center) খোলা হয়, যেখানে ব্যবসায়িক সুযোগের সন্ধানে থাকা ফার্ম, কর্মসংস্থানের সন্ধানে থাকা স্থানীয় বাসিন্দা, অথবা প্রকল্প সম্পর্কে আরো তথ্য জানতে চাওয়া প্রতিবেশীদের জন্য সহজ অ্যাক্সেস পাওয়ার ব্যবস্থা করা হয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন